# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৪৯]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (كتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ اَحَادِيْثِ الدَّجَّالِ وَاَشْرَاطِ السَّاعَةِ وَغَيْرِهَا

আরবী

وَعَنْ أُمِّ المُؤْمِنِينَ صَفِيَّةَ بِنْتِ حُيَيٍّ رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ : كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم مُعْتَكِفاً، فَأَتَيْتُهُ أَزُورُهُ لَيْلاً، فَحَدَّثْتُهُ ثُمَّ قُمْتُ لأَنْقَلِبَ فَقَامَ مَعِي لِيَقْلِبَنِي، فَمَرَّ رَجُلاَنِ مِنَ الأَنْصَارِ رَضِيَ اللهُ عَنْهُمَا، فَلَمَّا رَأَيَا النَّبِيَّ صلى الله عليه وسلم أَسْرَعا . فَقَالَ صلى الله عليه وسلم : «عَلَى رِسْلِكُمَا، إنَّهَا صَفِيَّةُ بِنْتُ حُيَيٍّ» فَقَالاَ : سُبْحانَ اللهِ يَا رَسُولَ اللهِ، فَقَالَ: «إنَّ الشَّيْطَانَ يَجْرِي مِنَ ابْنِ آدَمَ مَجْرَى الدَّمِ، وَإنِّي خَشِيْتُ أَنْ يَقْذِفَ فِي قُلُوبِكُمَا شَرّاً ـ أَوْ قَالَ: شَيْئاً ـ» . متفق عليه

বাংলা

৪২/১৮৫৮। মুমিন জননী সাফিয়্যাহ বিন্তে হুয়াই রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম [মসজিদে] ই’তিকাফ থাকা অবস্থায় তাঁর সাথে রাত্রি বেলায় দেখা করতে গেলাম। তাঁর সাথে কথাবার্তার পর ফিরে যাবার জন্য উঠে দাঁড়ালাম। সুতরাং তিনিও আমাকে [বাসায়] ফিরিয়ে দেবার জন্য আমার সাথে উঠে দাঁড়ালেন। [অতঃপর যখন আমরা মসজিদের দরজার কাছে এলাম] তখন আনসারদের দু’জন লোক [রাযিয়াল্লাহু আনহুমা] [সেদিক দিয়ে] চলে যাচ্ছিলেন।

যখন তাঁরা উভয়েই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখতে পেলেন, তখন দ্রুত বেগে চলতে লাগলেন। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে বললেন, ’’ধীরে চল। এ হল সাফিয়্যাহ বিন্তে হুয়াই।’’ তাঁরা বললেন, ’সুবহানাল্লাহ! ইয়া রাসূলুল্লাহ! [আপনার ব্যাপারেও কি আমরা কোন সন্দেহ করতে পারি?]’ তিনি [তাঁদেরকে] বললেন, ’’নিশ্চয়ই শয়তান মানুষের দেহে রক্ত চলাচলের ন্যায় চলাফিরা করে। তাই আমার আশংকা হল যে, সম্ভবত: সে তোমাদের অন্তরে মন্দ---অথবা তিনি বললেন---কোন কিছু [সন্দেহ] প্রক্ষেপ করতে পারে।’’ (বুখারী-মুসলিম) [1]

## English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

Safiyyah bint Huyai (May Allah be pleased with her), the Mother of the Believers, said:
I came to visit the Prophet (ﷺ) while he was in the state of I'tikaf [(seclusion) in the mosque during the last ten days of Ramadan]. After having talked to him, I got up to return. The Prophet (ﷺ) also got up with me and accompanied me a part of the way. At that moment two Ansari man passed by. When they saw him they quickened their pace. The Prophet (ﷺ) said to them, "Do not hurry. She is Safiyyah, daughter of Huyai, my wife." They said: "Subhan Allah (Allah is free from imperfection)! O Messenger of Allah! (You are far away from any suspicion)." The Messenger of Allah (ﷺ) said, "Satan circulates in a person like blood (in the blood streams). I apprehended lest Satan should drop some evil thoughts in your minds."

[Al-Bukhari and Muslim].

Commentary: Even just a passing thought of some thing undesirable about the Prophet (PBUH) is dangerous for belief. In order to put an end to this evil suspicion, he stopped the two Companions and explained to them the situation. This was done lest the devil may create some doubt in the mind of the two Companions. The conclusion is that, if at any place there is some far fetched chance of creation of bad opinion about somebody, then it is necessary to give an explanation lest some doubt may arise in some body's mind. This is particularly essential for `Ulama', who should remain aloof from such occasions and places, lest the people may start doubting their integrity and piety.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২০৩৫, ২০৩৮, ২০৩৯, ৩১০১, ৩২৮১, ৬২১৯, ৭১৭১, মুসলিম ২১৭৫, আবূ দাউদ ২৪৭০, ৪৯৯৪, ইবনু মাজাহ ১৭৭৯, আহমাদ ২৬৩২২, দারেমী ১৭৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাফিয়্যা বিনতে হুয়াই (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32651

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন